

## পরীক্ষা

# এইচএসসিতে ছাত্রদের পেছনে ফেলে এগিয়ে ছাত্রীরা

মোশতাক আহমেদ ঢাকা



এইচএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের পর ভিকারুন্নিসা নূন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থীদের উল্লাস ছবি : আশরাফুল আলম

পড়াশোনায় ছাত্রীরা একের পর এক মেধার স্বাক্ষর রেখে চলেছেন। ভর্তির পাশাপাশি বিভিন্ন পরীক্ষার ফলাফলেও এগিয়ে চলেছেন দেশের ছাত্রীরা। এবারের এইচএসসি ও সমমানের পরীক্ষায় পাসের হার, ফলাফলের সর্বোচ্চ সূচক জিপিএ-৫ পাওয়ার দিক দিয়েও ছাত্রদের পেছনে ফেলে এগিয়ে গেলেন দেশের ছাত্রীরা।

সাধারণ শিক্ষা বোর্ড, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা বোর্ড মিলিয়ে দেশের সব কটি শিক্ষা বোর্ডে এবার ছাত্রদের চেয়ে ছাত্রীদের পাসের হার ২ দশমিক ৯৫ শতাংশ বেশি। আর ছাত্রদের চেয়ে ১৫ হাজার ১৬০ জন বেশি ছাত্রী জিপিএ-৫ পেয়েছেন।

আজ বুধবার এইচএসসি ও সমমানের পরীক্ষার ফলাফল প্রকাশ করা হয়েছে। দুপুরে রাজধানীর সেগুনবাগিচায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিউটে সংবাদ সম্মেলন করে ফলাফলের বিস্তারিত তথ্য তুলে ধরেন শিক্ষামন্ত্রী দীপু মও

বিজ্ঞাপন

এবার সব বোর্ডে গড় পাসের হার ৮৫ দশমিক ৯৫। সারা দেশের ৯ হাজার ১৩৯টি শিক্ষাপ্রতিষ্ঠান থেকে ১১ লাখ ৭৭ হাজার ৩৮৭ জন পরীক্ষা দিয়েছিলেন। তাঁদের মধ্যে পাস করেছেন ১০ লাখ ১১ হাজার ৯৮৭ জন। পরীক্ষায় এবার জিপিএ-৫ পেয়েছেন ১ লাখ ৭৬ হাজার ২৮২ জন শিক্ষার্থী।

ছাত্র-ছাত্রীদের ফলাফল পর্যালোচনায় দেখা যায়, এবার ছাত্রীদের পাসের হার ৮৭ দশমিক ৪৮ শতাংশ। ৫ লাখ ৬৭ হাজার ৮৬৫ জন ছাত্রী পরীক্ষা দিয়ে পাস করেছেন প্রায় পাঁচ লাখ। অন্যদিকে ছাত্রদের পাসের হার ৮৪ দশমিক ৫৩ শতাংশ। ৬ লাখের বেশি ছাত্র পরীক্ষা দিয়ে পাস করেছেন ৫ লাখের বেশি।

জিপিএ-৫ কে বলা হয় সবচেয়ে ভালো ফল। এ ক্ষেত্রেও এগিয়ে আছেন ছাত্রীরা। মোট জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীদের মধ্যে এবার ৯৫ হাজার ৭২১ জন ছাত্রী। আর ৮০ হাজার ৫৬১ জন ছাত্র জিপিএ-৫ পেয়েছেন।

এ তো গেল সব বোর্ডের ফলাফল। আলাদাভাবে শুধু সাধারণ শিক্ষা বোর্ডের এইচএসসি পরীক্ষার ফলাফলেও এগিয়ে আছেন ছাত্রীরা। শুধু এইচএসসিতে গড় পাসের হার ৮৪ দশমিক ৩১ শতাংশ। ছাত্রীদের পাসের হার ৮৬ দশমিক ৩৪ শতাংশ। আর ছাত্রদের পাসের হার ৮২ দশমিক ১৯ শতাংশ। এইচএসসিতে ৮৭ হাজার ২৩৬ জন ছাত্রী জিপিএ-৫ পেয়েছেন। আর ৭২ হাজার ৫১৯ জন ছাত্র জিপিএ-৫ পেয়েছেন।

কারিগরি বোর্ডেও পাসের হার এবং জিপিএ-৫-এর দিক দিয়ে ছাত্রীরা এগিয়ে আছেন। কারিগরিতে ছাত্রীদের পাসের হার ৯৬ দশমিক ৭৫ শতাংশ। আর ছাত্রীদের পাসের হার ৯৩ দশমিক ৫৩ শতাংশ। এই বোর্ডে মোট জিপিএ-৫ পাওয়া শিক্ষার্থীর মধ্যে ৪ হাজার ২২৬ জন ছাত্রী এবং ২ হাজার ৮৭৮ জন ছাত্র।

মাদ্রাসা শিক্ষা বোর্ডে পাসের হারে ছাত্রীরা এগিয়ে আছেন। এই বোর্ডে ছাত্রীদের পাসের হার ৯৩ দশমিক ৮৯ শতাংশ। অন্যদিকে ছাত্রদের পাসের হার ৯১ দশমিক ৪৮ শতাংশ। তবে মাদ্রাসায় জিপিএ-৫ বেশি পেয়েছেন ছাত্রীরা। এই বোর্ডে



---

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান  
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো